

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বস্ত্র-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ কার্তিক, ১৪৩১ ব. / ২৯ অক্টোবর, ২০২৪ খ্রি.

নং ২৪.০০.০০০০.২০৩.১৪.০০৫.২৪.১২৩—বাংলাদেশ টেক্সটাইল মিলস কর্পোরেশন (বিটিএমসি) এর বন্ধ ঘোষিত খুলনা টেক্সটাইল মিলস লিঃ এ দীর্ঘমেয়াদী ইজারা (Lease) পদ্ধতিতে বেসরকারি ব্যবস্থাপনায় টেক্সটাইল থিম পার্ক, ইকো রিসোর্ট ও কমাশিয়াল কমপ্লেক্স স্থাপনের লক্ষ্যে ইজারা প্রস্তাব চূড়ান্তকরণের জন্য একটি আন্তঃমন্ত্রণালয় ওয়ার্কিং কমিটি গঠন করা হলো:

ক্রমিক	কর্মকর্তার পদবি ও কর্মস্থল	অবস্থান
১.	অতিরিক্ত সচিব (বস্ত্র), বস্ত্র ও পাট মন্ত্রণালয়	আহবায়ক
২.	প্রধান উপদেষ্টার কার্যালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৩.	স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৪.	অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৫.	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৬.	বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৭.	আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য

(৮২৯)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক	কর্মকর্তার পদবি ও কর্মস্থল	অবস্থান
৮.	বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নয়)	সদস্য
৯.	যুগ্মসচিব (বস্ত্র), বস্ত্র ও পাট মন্ত্রণালয়	সদস্য
১০.	চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি)	সদস্য-সচিব

২.০ কমিটির কার্যপরিধি:

- (ক) বিটিএমসি'র বন্ধ ঘোষিত খুলনা টেক্সটাইল মিলস লিঃ দীর্ঘমেয়াদী ইজারা (Lease) পদ্ধতিতে বেসরকারি ব্যবস্থাপনায় টেক্সটাইল থিম পার্ক, ইকো রিসোর্ট ও কমার্শিয়াল কমপ্লেক্স স্থাপনের লক্ষ্যে ইজারা প্রস্তাব চূড়ান্তকরণের জন্য সুপারিশ প্রদান;
- (খ) প্রকাশিত বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত প্রস্তাব নিষ্পত্তির বিষয়ে পরামর্শ প্রদান;
- (গ) স্থাপনাটি বেসরকারি ব্যবস্থাপনায় পরিচালনার ক্ষেত্রে সরকারি স্বার্থ রক্ষায় গ্রহণীয় ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান;
- (ঘ) প্রযোজ্য ক্ষেত্রে এতদ্বিষয়ক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে পরামর্শ প্রদান।

৩.০ কমিটি প্রয়োজন অনুযায়ী সভা অনুষ্ঠান করবে;

৪.০ কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষ জ্ঞান এবং/অথবা অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে কো-অপ্ট করতে পারবে;

৫.০ কমিটির সভায় অংশগ্রহণের জন্য সদস্যগণকে সম্মানী প্রদান করা যাবে;

৬.০ বিটিএমসি কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ আব্দুল্লাহ সাদীদ
সিনিয়র সহকারী সচিব।